

ক্লাস্টারের সংজ্ঞা ও ঋণের অনুমোদিত খাতসমূহ

সর্বোচ্চ ৫ (পাঁচ) কিলোমিটার ব্যাসার্ধের সুনির্দিষ্ট ভৌগোলিক সীমানায় অবস্থিত অনুরূপ/সমজাতীয়/সম্পর্কযুক্ত পণ্য উৎপাদন বা সেবা প্রদানে নিয়োজিত ৫০(পঞ্চাশ) বা ততোধিক উদ্যোগের সমষ্টি সামষ্টিকভাবে একটি ক্লাস্টার হিসাবে বিবেচিত হবে। এক্ষেত্রে ক্লাস্টারের আওতায় অবস্থিত উদ্যোগসমূহের ব্যবসায়িক শক্তি, দুর্বলতা, সুযোগ ও হুমকি হবে একই ধরনের। ক্লাস্টারের আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহের পণ্য/সেবার ধরণ বিবেচনায় উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার হিসাবে চিহ্নিত করে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক অর্থায়ন করা হচ্ছেঃ

উচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার	
১	কৃষি/খাদ্য প্রক্রিয়াকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২	তৈরী পোষাক শিল্প, নীটওয়ার, ডিজাইন ও সাজসজ্জা
৩	আইসিটি
৪	চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৫	লাইট ইঞ্জিনিয়ারিং
৬	পাট ও পাটজাত শিল্প
অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার	
১	প্লাস্টিক ও অন্যান্য সিনথেটিক শিল্প
২	পর্যটন শিল্প
৩	হোম টেক্সটাইল সামগ্রী
৪	নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার)
৫	অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
৬	তাঁত, হস্ত ও কারুশিল্প
৭	বিদ্যুৎ সাক্ষরী যন্ত্রপাতি (এলইডি, সিএফএল বাল্ব উৎপাদন)/ ইলেকট্রনিক যন্ত্রপাতি নির্মাণ শিল্প/ ইলেকট্রনিক ম্যাটেরিয়াল উন্নয়ন শিল্প
অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার	
৮	জুয়েলারী শিল্প
৯	খেলনা শিল্প
১০	প্রসাধনী ও টয়লেট্রিজ শিল্প
১১	আগর শিল্প
১২	আসবাপপত্র শিল্প
১৩	মোবাইল/কম্পিউটার/টেলিভিশন সার্ভিসিং।

- উপরোক্ত তালিকা মোতাবেক ক্লাস্টারভিত্তিক অর্থায়ন করা হচ্ছে। তালিকা বহির্ভূত কোন ক্লাস্টার চিহ্নিত হলেও অর্থায়ন করা যাবে।

ক্লাস্টার ভিত্তিক অর্থায়নে ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

- উদ্যোগটি সিএমএসএমই খাতভুক্ত হতে হবে;
- উদ্যোগটি উৎপাদনশীল বা সেবা খাতে নিয়োজিত থাকতে হবে;
- উদ্যোগটি সুনির্দিষ্ট ক্লাস্টারের আওতায় রয়েছে মর্মে নিশ্চিত হতে হবে;
- ক্লাস্টারের আওতাধীন উদ্যোক্তাদের সংগঠন থাকলে উদ্যোক্তাকে সংশ্লিষ্ট সংগঠনের সদস্য হতে হবে ;
- সিআইবি রিপোর্ট অনুযায়ী উদ্যোগটি ঋণ বিনিয়োগ খেলাপি থেকে মুক্ত হতে হবে ;
- সরকারী প্রতিষ্ঠান বা স্বনামধন্য প্রাইভেট প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট উদ্যোগ বিষয়ে ন্যূনতম ০১মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হলে ঐ সকল উদ্যোক্তাগণ ঋণ বিনিয়োগ প্রাপ্তিতে অগ্রাধিকার পাবে ;
- ক্লাস্টারের আওতাধীন নারী উদ্যোক্তাগণ ও বিশেষ চাহিদাসম্পন্ন উদ্যোক্তাগণ ঋণ বিনিয়োগ সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবে।

গ্রাহক পর্যায়ে ঋণসীমাঃ

উৎপাদনশীল শিল্পে সর্বোচ্চ ৭৫.০০ কোটি টাকা এবং সেবা শিল্পে সর্বোচ্চ ৫০.০০ কোটি টাকা অর্থায়ন করা হয়।

ঋণের সুদহারঃ

ঋণের বিপরীতে সুদের হার হবে ৯%। সময়ে সময়ে ব্যাংক কর্তৃক পরিবর্তিত সুদহার এ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ঋণের মেয়াদঃ

গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর। উদ্যোগের ধরণ বিবেচনায় সর্বোচ্চ ৬ মাসের গ্রেস পিরিয়ড নির্ধারণ করা যাবে। মেয়াদী ঋণ মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে। চলতি মূলধন আকারেও ঋণ সুবিধা প্রদান করা যাবে।

জামানতঃ

ব্যক্তিগত, সামাজিক বা গ্রুপ গ্যারান্টিকে ঋণের বিপরীতে জামানত হিসেবে বিবেচনা করা যাবে।

দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় সিএমএসএমই খাতের গুরুত্ব অপরিসীম। গুরুত্বপূর্ণ এ খাতকে এগিয়ে নিতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিশ্বব্যাপি জনপ্রিয় একটি ধারণা। সে ধারণাকে সামনে রেখে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক অগ্রাধিকার ভিত্তিতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন করা হচ্ছে।